দৈনিক সংবাদ

তারিখ 14 FEB 1993
পৃষ্ঠা ৭ কলাম ৬

কৃষি বিশ্ববিদ্যালয়ে উত্তেজনা

# ছাত্রদল নেতা প্রহৃত দুই গ্রুপে ধাওয়া পাল্টা ধাওয়া

কৃষি বিশ্ববিদ্যালয় (ময়মনসিংহ), ১৩ই ফেব্রুয়ারি (নিজস্ব সংবাদদাতার ফোন)।— ছাত্রদলের বিবদমান দুটি গ্রুপের একটির হাতে ছাত্রদলের নেতা আহমেদুল কবির প্রহৃত হয়েছেন। আশংকাজনক অবস্থায় তাকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির কার্যালয়ের সামনে তাকে প্রহার করা হয়। তিনি ভেটেরেনারি অনুষদে প্রথম বর্ষের ছাত্র। শামসুল হক হলের সামনে হারুন ও শাকিল নামে আরো দু'জন প্রহৃত হয়। কৃষি বিশ্ববিদ্যালয় শাখা সভাপতি চঞ্চলের নেতৃত্বে বিকেলে একটি মিছিল হয়।

এই রিপোর্ট লেখা পর্যন্ত ফজলুল হক হলে ধাওয়া-পাল্টা ধাওয়া চলছিল। ক্যাম্পাসে উত্তেজনা বিরাজ করছে।